# REGIONAL NEWS UNIT
# ALL INDIA RADIO, AGARTALA
## Date: 11-06-2025
## Time: 07:55-08:05 PM Hrs
## BENGALI EVENING BULLETIN

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সম্প্রতি পশ্চিম জেলায় জলে ডুবে মৃত ৭ জনের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করেন।**

**(২) পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন রাজ্যের পর্যটন শিল্পের উন্নয়নে ৩৫০ কোটি টাকারও বেশি অর্থ ব্যয়ে বিভিন্ন প্রকল্পের কাজ চলছে ।**

**(৩) রেলওয়ে মন্ত্রকের ৬ হাজার ৪০৫ কোটি টাকার দু'টি প্রকল্পে অনুমোদন প্রদান করলো কেন্দ্রীয় মন্ত্রিসভা ।**

**(৪) ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় ত্রিপুরা পুলিশ ও সরোজ সংঘের খেলাটি আজ ড্র হয়েছে।**

****************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সম্প্রতি পশ্চিম জেলায় জলে ডুবে মৃত ৭ জনের পরিবারকে আর্থিক সহায়তা পালন করেন। আজ আগরতলায় মুখ্যমন্ত্রী সমীপেষু অনুষ্ঠানে তিনি চেকের মাধ্যমে প্রত্যেক পরিবারের হাতে ৪ লক্ষ টাকা করে তুলে দেন।

মুখ্যমন্ত্রী সমীপেষু অনুষ্ঠানের আজ ৪৫ তম অনুষ্ঠানে তিনি জনগনের বিভিন্ন সমস্যার কথা শোনেন এবং তা নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন।

*****************************

**Tourism Minister :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন রাজ্যের পর্যটন শিল্পের উন্নয়নে ৩৫০ কোটি টাকারও বেশি অর্থে বিভিন্ন প্রকল্পের কাজ চলছে। কেন্দ্রীয় সরকারের পর্যটন মন্ত্রকের স্বদেশ দর্শণ প্রকল্প এবং এশিয় উন্নয়ন ব্যাংকের আর্থিক সহায়তায় এইসব উন্নয়ন প্রকল্পের কাজ চলছে। আজ বিকেলে আগরতলার গীতাঞ্জলি ট্যুরিজম গেষ্ট হাউসে ত্রিপুরা পর্যটন উন্নয়ন নিগমের বোর্ড অব ডিরেক্টরস-এর বৈঠক শেষে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী সংবাদ মাধ্যমের কাছে এ তথ্য জানান। তিনি বলেন, রাজ্য সরকার পর্যটন বিকাশে বিশেষ গুরুত্ব দিয়েছে। গত বছর রাজ্যে পর্যটক আগমনের সংখ্যা কিছুটা কমে সাড়ে ছয় লাখ হলেও এবছর তা বেড়ে হয়েছে সাড়ে সাত লক্ষ। তিনি জানান বাংলাদেশের অভ্যন্তরীন রাজনৈতিক পরিস্থিতির কারনে রাজ্যে বিদেশি পর্যটক আগমনের সংখ্যা কিছুটা কমলেও আমাদের দেশের অভ্যন্তরীন পর্যটক আগমনের সংখ্যা বেড়েছে। এর আগে বৈঠকের শুরুতে ত্রিপুরা থেকে প্রথম এভারেস্ট শৃঙ্গ বিজয়ী রাজ্যের তরুন অরিত্র রায়কে সংবর্ধনা জানান পর্যটন মন্ত্রী।

****************************

**Viksit Krishi Sankalp Abhiyan-Kumarghat :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ অয়েল পাম চাষে এগিয়ে আসার জন্য কৃষকদের প্রতি আহ্বান জানিয়েছেন। আজ কুমারঘাটের গীতাঞ্জলি অডিটরিয়ামে বিকশিত কৃষি সংকল্প অভিযানের মতবিনিময় সভায় তিনি এই আহ্বান জানান। তিনি কম খরচে বেশি উৎপাদন, নিয়মিত মাটির স্বাস্থ্য পরীক্ষা করা, কৃষি জমিতে নতুন নতুন প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেন।

****************************

**VKSA- Teliamura :**

তেলিয়ামুড়া কৃষি মহকুমা তত্ত্বাবধায়কের উদ্যোগে আজ মুঙ্গিয়াকামির রামকৃষ্ণপুর এডিসি ভিলেজ কার্যালয়ে বিকশিত কৃষি সংকল্প অভিযানের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন জনজাতি কল্যান মন্ত্রী বিকাশ

দেববর্মা। তিনি বলেন, মুঙ্গিয়াকামি ব্লক এলাকায় বহু পতিত জমি রয়েছে। রাজ্য সরকার উদ্যোগ নিয়ে এই পতিত জমিগুলিকে পুনরায় চাষযোগ্য করে তুলতে কৃষকদের সহযোগিতা করবে। কৃষকরা যাতে আধুনিক প্রযুক্তির মাধ্যমে উৎপাদন বাড়াতে পারেন, সে বিষয়ে দপ্তরের পক্ষ থেকে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও সহায়তা প্রদান করা হবে। তিনি বলেন বিকশিত কৃষি সংকল্প অভিযানের মূল লক্ষ্য হল কৃষকদের উন্নত চাষাবাদ সম্পর্কে সচেতন করা ও তাদের আর্থ-সামাজিক উন্নয়নে সহায়তা প্রদান করা।

***************************

**VKSA- Durga Chaumuhani :**

বিকশিত কৃষি সংকল্প অভিযানের অঙ্গ হিসাবে আজ সুরমার দুর্গাচৌমুহনীতে আয়োজিত অনুষ্ঠানে সাংসদ রাজীব ভট্টাচার্য কৃষকদের সঙ্গে মত বিনিময় করেন। তিনি বলেন কৃষকদের আয়কে দ্বিগুণ করার লক্ষ্যে কৃষকদের আধুনিক প্রযুক্তি ব্যবহারের জন্য অনুপ্রাণিত করতে এই অভিযান খুবই গুরুত্বপূর্ণ।

***************************

**Press-Meet-11 Years of Modi Government :**

কৃষি ও বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী'র নেতৃত্বাধীন ১১ বছরের শাসনকালে ভারত বিশ্বের চতুর্থ অর্থনীতির দেশ হিসাবে পরিগণিত হয়েছে। মশলা, তুলা, ডালশস্য, দুধ উৎপাদনে ভারত এখন শীর্ষস্থানে। আজ কুমারঘাটে B.J.P'র মন্ডল কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। শ্রী নাথ বলেন, দেশের নাগরিকদের মাথাপিছু আয় বেড়েছে। দেশে কৃষি বাজেটও বেড়েছে বলে তিনি জানান। আজকের সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন বিধায়ক ভগবান চন্দ্র দাস, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, দলের জেলা সভাপতি বিমল কর প্রমুখ।

কৃষিমন্ত্রী আজ কুমারঘাট মহকুমার বেতছড়ায় গ্রামীণ বাজারের নতুন পরিকাঠামোগত উন্নয়ণ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এতে ব্যয় হবে

২ কোটি ২০ লক্ষ টাকা। এখানে ভাষন দিতে গিয়ে কৃষিমন্ত্রী বলেন, গোটা রাজ্যে ৫৫৪টি বাজার রয়েছে। সবগুলো বাজারে পরিকাঠামোর উন্নয়ন করা হবে। গত সাত বছরে ১৪৪টি বাজারের উন্নয়নে ব্যয় হয়েছে ৩০৩ কোটির বেশি।

**************************

**Review Meeting–Belonia :**

মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে আজ বিলোনিয়া সার্কিট হাউসে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মৎস্য চাষ ও প্রাণী সম্পদ বিকাশে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ নিয়ে পর্যালোচনা করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, অশোক কুমার মিত্র, মাইলাফ্রু মগ ও স্বপ্না মজুমদার, সচিব দীপা ডি নায়ার, দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি ও অন্যান্য আধিকারিকগণ।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Union Cabinet Decision :**

রেলওয়ে মন্ত্রকের ৬ হাজার ৪০৫ কোটি টাকার দু'টি প্রকল্পে অনুমোদন প্রদান করলো কেন্দ্রীয় মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সভাপতিত্বে আজ নতুনদিল্লিতে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার এবং রেলমন্ত্রী ডক্টর অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন, এই দুটি প্রকল্পে ঝাড়খন্ড, কর্ণাটক এবং অন্ধ্রপ্রদেশে একশো তেত্রিশ কিলোমিটার রেলপথ সম্প্রসারণের মাধ্যমে ৯৩৭টি গ্রামীন এলাকার পনেরো লক্ষ মানুষ উপকৃত হবেন।

***************************

**Voice Story-11 Years Of Seva :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে সেবা সুশাসন ও গরীব কল্যানের এগারো বছর। নেহাৎই এক সময়ের হিসেব নয়—সেবার মানসিকতায় পরিচালিত প্রশাসন কিভাবে জীবনমানের পরিবর্তন আনতে পারে তারই উজ্বল প্রমান। শুনুন একটি প্রতিবেদন।

########VC#######

***************************

**Yoga Day :**

২১শে জুন আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে, আজ নতুনদিল্লিতে আকাশবাণীর রঙ ভবনে "কর্মক্ষেত্রে যোগ" কর্মশালার আয়োজন করা হয়। অধিবেশনটি পরিচালনা করেন জয়পুরের জাতীয় আয়ুর্বেদ ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক ডঃ পুনিত চতুর্বেদী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আকাশবাণীর মহানির্দেশক, ডাঃ প্রজ্ঞা পালিওয়াল গৌর এবং অতিরিক্ত মহানির্দেশক এল মধু নাগ।

**************************

**CPIM Deputation :**

বন্যায় ক্ষতিগ্রস্তদের আর্থিক সাহায্য প্রদান সহ ১০ দফা দাবিতে আগরতলার আশ্রম চৌমুহনীস্থিত পুর নিগমের পূর্ব জোনাল অফিসে সিপিআইএম পূর্ব আগরতলা অঞ্চল কমিটির পক্ষ থেকে ডেপুটেশন প্রদান করা হয়। ডেপুটেশনে নেতৃত্ব দেন সিপিআইএম নেতা অমল চক্রবর্তী।

****************************

**Press Meet-Sonamura :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন এন.ডি.এ সরকারের ১১ বছর পূর্তি উপলক্ষে আজ সোনামুড়া টাউন হলে এক সাংবাদিক সম্মেলনে বিধায়ক দীপক মজুমদার বলেন গত ১১ বছরে দেশে মহিলাদের ক্ষমতায়ন, মহিলাদের জন্য ৩৩ শতাংশ সংরক্ষণ উল্লেখযোগ্য দিক। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন বিজেপির প্রদেশ কমিটির সম্পাদক রতন ঘোষ, সিপাহীজলা জেলা দক্ষিণাংশ কমিটির সভাপতি উত্তম দাস প্রমুখ।

******************************

**Khowai Meeting :**

রাজ্য ষষ্ঠ অর্থ কমিশনের চেয়ারম্যান অভিষেক সিং আজ খোয়াই জেলাশাসক কার্যালয়ে ত্রিস্তর পঞ্চায়েত ও নগর পঞ্চায়েত জনপ্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জিলা পরিষদ এবং পুর এলাকার জনপ্রতিনিধিদের সঙ্গে আলোচনা করে বিভিন্ন সরকারি প্রকল্পের কাজকর্মের বিষয়ে খোঁজখবর নেন। বৈঠকে উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায়, জেলাশাসক রজত পান্থ, পঞ্চায়েত অধিকর্তা প্রসূন দে প্রমুখ।

***************************

**Snan Yatra Utsab :**

ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে এবং উৎসাহের সঙ্গে আজ জগন্নাথ দেবের স্নানযাত্রা উৎসব অনুষ্ঠিত হয়। এই উপলক্ষে আগরতলার জগন্নাথ জিউ মন্দির, পূর্বাশা প্রাঙ্গনে ইসকন মন্দিরের উদ্যোগে ভগবান জগন্নাথ,

বলভদ্র ও শুভদ্রা দেবীর বিগ্রহকে নানা উপকরন সহযোগে স্নান করানো হয়। প্রচুর লোক সমাগম হয়। মেলাও বসে। স্নানযাত্রার মধ্যে দিয়েই সূচনা হয় রথযাত্রা উৎসবের। আগামী ২৭শে জুন রথযাত্রা উৎসব। রথযাত্রা পর্যন্ত জগন্নাথ, বলভদ্র ও শুভদ্রা দেবীর বিগ্রহকে চিরাচরিত প্রথা অনুযায়ী গোপন কক্ষে অনবসর উদযাপনে সাধারনের দর্শনেরও আড়ালে রাখা হয়ে থাকে।

***************************

**Jagannath-Melaghar :**

সিপাহীজলা জেলার মেলাঘরের জগন্নাথ মন্দিরে উদযাপিত হয়েছে জগন্নাথদেবের স্নানযাত্রা উৎসব। সেখানে উত্তর-পূর্বাঞ্চলের সর্ববৃহৎ রথযাত্রা উৎসব ও মেলা আয়োজনও আজ থেকে শুরু হয়ে যায়।

***************************

**Snanyatra-Baikhora :**

ইসকন পরিচালিত বাইখোড়া জগন্নাথ মন্দিরে আজ স্নানযাত্রা উৎসব অনুষ্ঠিত হয়। এই উপলক্ষে সকাল থেকেই প্রচুর ধর্মপ্রাণ মানুষ জগন্নাথ মন্দিরে সমবেত হন।

***************************

**Second Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত ত্রিপুরা পুলিশ ও সরোজ সংঘের খেলাটি ২-২ গোলে শেষ হয়। ফলে উভয় দল পয়েন্ট ভাগ করে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ দশমিক সাত ডিগ্রী সেলসিয়াস।

*************************